দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 DEC 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৬

10

# সরকার শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ দিয়াছে

................................ সালাম তালুকদার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ব্যারিষ্টার আবদুস সালাম তালুকদার বলিয়াছেন, শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণ দেশ ও জাতির উন্নয়নের জন্য অপরিহার্য। সরকার তাই শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ এবং শিক্ষা সম্প্রসারণে সর্বাধিক গুরুত্ব দিয়াছে।

মন্ত্রী গতকাল শুক্রবার তারাগঞ্জ হাইস্কুল মাঠে স্কুলের তিন-

( ৭ম পৃ: ৪-এর ক: দ্র: )

## সালাম তালুকদার

(১ম পৃ: পর)

দিনব্যাপী সুবর্ণ জয়ন্তী উৎসবে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করিতেছিলেন। স্কুলের প্রধান শিক্ষক রেজা আবদুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা রাখেন মতিয়া চৌধুরী এমপি ও রহিমা খন্দকার এমপি।

মন্ত্রী বলেন শিক্ষা ছাড়া কোন জাতির উন্নতি সম্ভব নয়। সরকার তাই শিক্ষার সম্প্রসারণে ব্যাপক এবং যুগান্তকারী কর্মসূচী বাস্তবায়ন করিয়াছে। তিনি বলেন, সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক, পল্লী অঞ্চলে ১০ম শ্রেণী পর্যন্ত মেয়েদের শিক্ষা অবৈতনিক শিক্ষার, বিনিময়ে খাদ্য কর্মসূচী এবং গরীব ছাত্রদের উচ্চশিক্ষার জন্য উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চালু করিয়াছে। —তথ্য বিবরণী